সমকাল
তারিখ ... 28 FEB 2016 ...
পৃষ্ঠা ... 7 ... কলাম ... 7 ...

# বাকৃবিতে ছিনতাই ছুরিকাঘাতে শিক্ষার্থী আহত, আটক ৪

■ বাকৃবি প্রতিনিধি

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে (বাকৃবি) ছিনতাইকারীদের ছুরিকাঘাতে এক শিক্ষার্থী আহত হয়েছেন। শুক্রবার সন্ধ্যার দিকে বিশ্ববিদ্যালয়ের ফিশারিজ মিউজিয়াম সড়কে এ ঘটনা ঘটে। পরে রাতে এ ঘটনার সঙ্গে জড়িত সন্দেহে চারজনকে আটক করেছে পুলিশ। এ ঘটনার পর শনিবার নিরাপত্তার দাবিতে ক্যাম্পাসে মিছিল, সমাবেশ ও মানববন্ধন করেছেন ছাত্রলীগ, প্রগতিশীল ছাত্রজোট ও সাধারণ শিক্ষার্থীরা।

বিশ্ববিদ্যালয়ের ফুড টেকনোলজি ও গ্রামীণ শিল্প বিভাগের তৃতীয় বর্ষের শিক্ষার্থী রেজোয়ান রাশিক শুক্রবার সন্ধ্যার দিকে বান্ধবীকে নিয়ে ঘুরতে বের হন। তারা ফিশারিজ মিউজিয়াম সংলগ্ন সড়কের দিকে গেলে সেখানে আগে থেকে অবস্থান করা তিন ছিনতাইকারী তাদের পথরোধ করে। এ সময় গলায় ছুরি ধরে দুই শিক্ষার্থীদের সঙ্গে থাকা মোবাইল ফোন ও মানিব্যাগ ছিনিয়ে নেয়। এক পর্যায়ে তারা রাশিকের বান্ধবীর গায়ে হাত দেওয়ার চেষ্টা করলে তিনি বাধা দেন। এ সময় ছিনতাইকারীরা রাশিককে ছুরিকাঘাত করে পালিয়ে যায়। এ সময় আহত অবস্থায় তাকে উদ্ধার করেন পথচারীরা। পরে তাকে বিশ্ববিদ্যালয়ের হেলথ কেয়ার সেন্টারে প্রাথমিক চিকিৎসা দেওয়া হয়। খবর পেয়ে তাকে ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতালে নিয়ে যান সহপাঠীরা।

এদিকে শুক্রবার রাতেই ক্যাম্পাসের আশপাশে অভিযান চালিয়ে এ ঘটনার সঙ্গে জড়িত সন্দেহে চারজনকে আটক করেছে পুলিশ। এ ব্যাপারে বিশ্ববিদ্যালয়ের প্রধান নিরাপত্তা কর্মকর্তা মো. মহিউদ্দীন হাওলাদার বাদী হয়ে মামলা করেছেন। এ ঘটনায় নিরাপত্তার দাবিতে ফেসবুকে একটি পেজ খুলে শিক্ষার্থীরা আন্দোলনের ডাক দেন সাধারণ শিক্ষার্থীরা। এ ডাকে সাড়া দিয়ে শনিবার বিকেলে বিশ্ববিদ্যালয়ের শিল্পাচার্য জয়নুল আবেদিন মিলনায়তন চত্বরে জড়ো হন বিপুলসংখ্যক সাধারণ শিক্ষার্থী। পরে তারা সেখানে মানববন্ধন কর্মসূচি পালন করেন।

একই দাবিতে মিছিল-সমাবেশ করে প্রগতিশীল ছাত্রজোট। এতে ছাত্র ইউনিয়ন ও ছাত্রফ্রন্টের অর্ধশতাধিক নেতাকর্মী অংশগ্রহণ করেন। বাকৃবি ছাত্রলীগও ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেছে।